



## হাইকোর্টের আদেশে জামিন পেলেন সাংবাদিক আনিস আলমগীর



আনিস আলমগীর। ছবি: সংগৃহীত

একটি মামলায় সাংবাদিক আনিস আলমগীরকে জামিন দিয়েছেন হাইকোর্ট। বৃহস্পতিবার (৫ মার্চ) বিচারপতি কে এম জাহিদ সারওয়ার ও বিচারপতি শেখ আবু তাহেরের সমন্বয়ে গঠিত হাইকোর্ট বেঞ্চ এ আদেশ দেন।

আদালতে তার জামিন আবেদনের পক্ষে শুনানি করেন আইনজীবী আসলাম মিয়া। শুনানি শেষে আদালতের আদেশের বিষয়টি তিনি নিশ্চিত করেন।

উত্তরা পশ্চিম থানায় সন্ত্রাসবিরোধী আইনে দায়ের করা এক মামলায় গত বছরের ডিসেম্বর থেকে কারাগারে ছিলেন আনিস আলমগীর। এর আগে গত ২২ জানুয়ারি তার জামিন আবেদন নাকচ করেছিলেন ঢাকা মহানগর দায়রা জজ আদালত।

গত ১৪ ডিসেম্বর রাজধানীর ধানমন্ডির একটি জিম থেকে তাকে জিজ্ঞাসাবাদের জন্য ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশ (ডিবি) কার্যালয়ে নিয়ে যাওয়া হয়। পরে ওই মামলায় তাকে গ্রেপ্তার দেখানো হয়।

পরদিন ১৫ ডিসেম্বর তাকে ঢাকার চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালতে হাজির করা হলে জামিন আবেদন করা হয়। তবে আদালত জামিন না দিয়ে পাঁচ দিনের রিমান্ড মঞ্জুর করেন। রিমান্ড শেষে ২০ ডিসেম্বর তাকে কারাগারে পাঠানো হয়। এরপর থেকেই তিনি কারাবন্দি ছিলেন।